উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

AE Amila

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও,শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/এসই(প্রশিক্ষণ ও মান নিয়ন্ত্রণ)/GAD/এন-০১/২০১৭/১৮৮ তারিখ:২২/০২/২০১৭ইং।

**বিষয়: আন্তর্জাতিক নারী দিবস ২০১৭ উদযাপন উপলক্ষে আয়োজক কমিটির ২য় সভার কার্যবিবরণী।**

এলজিইডি সদর দপ্তরে আন্তর্জাতিক নারী দিবস ২০১৭ উদ্‌যাপন উপলক্ষে আয়োজক কমিটির ২য় সভা গত ১৯ ফেব্রুয়ারি ২০১৭ বিকাল ৩:৩০ ঘটিকায় এলজিইডি ভবন (লেভেল-০৪) এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আবুল কালাম আজাদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) ও আহবায়ক, আন্তর্জাতিক নারী দিবস'২০১৭ উদ্‌যাপন আয়োজক কমিটি। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক, সিসিআরআইপি ও সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস'২০১৭ উদ্‌যাপন আয়োজক কমিটি সভার আলোচ্য সূচিসমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১। | সেক্টর ভিত্তিক সুফলভোগী নারীদের তথ্যাদি সংগ্রহ ও মূল্যায়ন | সভায় মাঠ পর্যায়ে প্রেরিত মানদণ্ড ছকের আলোকে সেক্টর ভিত্তিক সুফলভোগী নারীদের তথ্যাদি সংগ্রহের মনিটরিং করার বিষয়টি সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস'২০১৭ উদ্‌যাপন আয়োজক কমিটি তুলে ধরেন এবং জেলা ও অঞ্চল পর্যায়ে টেলিফোন করে জানা যায় যে, অধিকাংশ জায়গা থেকে তথ্যাদি সময়মত সদর দপ্তরে এসে পৌঁছাবে। অতঃপর পানি সম্পদ উন্নয়ন সেক্টরের অগ্রগতি জানার জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম) মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি জানান যে, পটুয়াখালী, খুলনা, ফরিদপুর এবং বরিশাল অঞ্চল থেকে তথ্যাদি পাওয়া গেছে এবং এ বিষয়ে সদস্য-সচিব অবহিত করেন যে, দিনাজপুর, রংপুর, বগুড়া, রাজশাহী, যশোর, ময়মনসিংহ, কুমিল্লা, সিলেট অঞ্চল থেকে ২/১ দিনের মধ্যে তথ্যাদি পাওয়া যাবে।<br><br>উক্ত বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) জানান যে, নগর সেক্টরের আওতাধীন UGIIP-III এবং NOBIDEP ছাড়া অন্যান্য প্রকল্প থেকে সুফলভোগী নারীদের তথ্যাদি এ বছরের জন্য পাওয়া সম্ভব হবে না। বিশেষ কারণবশতঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন) সভায় উপস্থিত থাকতে না পেরে পল্লী উন্নয়ন সেক্টরের ক্ষেত্রে অগ্রগতি জানার জন্য এবং যথাসময়ে মূল্যায়ন কার্যক্রম সমাপ্ত করার জন্য সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস'২০১৭ উদ্‌যাপন আয়োজক কমিটি সহ অন্যান্য সংশ্লিষ্ট সকলকে সভাপতি মহোদয় অনুরোধ জানান এবং একইসাথে UGIIP-III ও NOBIDEP প্রকল্প এলাকার বিষয়ে সতর্ক থাকতে সভাপতি মহোদয় পরামর্শ দেন। | আগামী ২৬/০২/২০১৭ ইং তারিখের মধ্যে সেক্টর ভিত্তিক সকল মূল্যায়ন কার্যক্রম চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২। | জেন্ডার কার্যক্রমের ফটোগ্যালারি | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভাপতি মহোদয় জানান যে, আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন উপলক্ষে জেন্ডার কার্যক্রমের উপর সুন্দর ছবি সম্বলিত ফটোগ্যালারি করতে হবে। গ্যালারিতে অংশগ্রহণকৃত প্রকল্পগুলোকে মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন করে ১ম, ২য় ও ৩য় স্থান হিসেবে পুরস্কার দেয়া হবে। তিনি ২০/০২/২০১৭ ইং তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে বিষয়টি অবহিতকরণের জন্য সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস'২০১৭ উদ্‌যাপন আয়োজক কমিটি'কে অনুরোধ করেন। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে বিষয়টি অবহিতকরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| ০৩। | ভিডিও এবং ক্রুশিওর | ভিডিও এবং ক্রুশিওর সম্পর্কে সভায় আলোচনা হয় এবং এ বিষয়ের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে জনাব আহসান হাবিব, প্রকল্প পরিচালক, সিআরডিপি জানান তিনি কাজ করে যাচ্ছেন। তবে তিনি উল্লেখ করেন যে, সেক্টর ভিত্তিক সুফলভোগী নারীদের মূল্যায়ন শেষ হওয়ার সাথে সাথে ক্রুশিওরে তাদের নাম ও ছবি অন্তর্ভুক্ত করা হবে। সভাপতি মহোদয় পরবর্তী সভায় Draft আকারে "ক্রুশিওর এবং ভিডিও" কার্যক্রম উপস্থাপনের জন্য বিশেষভাবে প্রকল্প পরিচালক, সিআরডিপি'কে অনুরোধ জানান। একইসাথে ক্রুশিওরের গ্রাফিক্স ডিজাইনের গুণগত মান এবং ভিডিও সময়সীমা বিষয়ে যত্নবান হওয়ার জন্য পরামর্শ দেন। | Draft আকারে পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৪। | আমন্ত্রণপত্র | সভাপতি মহোদয় উক্ত বিষয়ে জানান যে, আগামী ২/১ দিনের মধ্যে সম্মানিত প্রধান প্রকৌশলী মহোদয়ের নিকট থেকে প্রধান অতিথি এবং বিশেষ অতিথি বিষয়ে অবগত হওয়া যাবে এবং সকাল ১০:০০ থেকে ১ ঘন্টা ৩০ মিনিটের অনুষ্ঠান হবে। সে মোতাবেক প্রকল্প পরিচালক, সিআরডিপি এর পরিচালনায় আমন্ত্রণপত্রের Draft করার জন্য জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ)'কে অনুরোধ করা হয় এবং তা পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। বিগত বারের ন্যায় ইতিমধ্যে আমন্ত্রিত অতিথি তালিকা প্রণয়নের জন্য জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ)'কে বলা হয়। সদর দপ্তর পর্যায়ে আন্তর্জাতিক নারী দিবস'২০১৭ উদ্যাপন অনুষ্ঠান সংক্রান্ত SMS করার জন্য জনাব মাহ্বুব ইমাম মোর্শেদ (শাহীন), সহকারী প্রধান প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর, ঢাকা'কে অনুরোধ করা হয়। | আমন্ত্রিত অতিথি তালিকা প্রণয়নসহ আমন্ত্রণপত্রের Draft পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৫। | বিবিধ | ভিআইপি ৩০ জনসহ অডিটোরিয়াম হল রুমে উপস্থিত দর্শক অতিথিগণের আপ্যায়নের বিষয়টি সভাপতি মহোদয় উল্লেখ করেন এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য জনাব মোঃ মতিয়ার রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা অঞ্চল এবং জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ)'কে অনুরোধ জানানো হয়। | ভিআইপিসহ অডিটোরিয়াম হল রুমের উপস্থিত সকলের আপ্যায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | অনুষ্ঠানের সভাপতি, প্রধান অতিথি, বিশেষ অতিথি'র ভাষণ জনাব আহসান হাবিব, প্রকল্প পরিচালক, সিআরডিপি এর নেতৃত্বে প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং তাঁকে সহযোগিতা করার জন্য জনাব হক সুলতানা, উপ-প্রকল্প পরিচালক; জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী এবং জনাব সুরাইয়া জেবিন, জেন্ডার বিশেষজ্ঞ, UGIIP-III কে বলা হয়। অতঃপর এ সংক্রান্ত ভাষণের খসড়া পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যদিকে সভাপতি, জেন্ডার ও উন্নয়ন ফোরাম এর স্বাগত ভাষণ প্রস্তুত করার জন্য সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম'কে অনুরোধ জানানো হয়। | ভাষণ প্রস্তুত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | সদর দপ্তর পর্যায়ে আন্তর্জাতিক নারী দিবস'২০১৭ উদ্যাপন অনুষ্ঠানের ছবি তোলাসহ Media'র বিষয়ে জনাব মোঃ মতিয়ার রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা অঞ্চল, জনাব মাহ্বুব ইমাম মোর্শেদ (শাহীন), সহকারী প্রধান প্রকৌশলী এবং জনাব আবু ফাত্তাহ, মিডিয়া পরামর্শক'কে দায়িত্ব পালন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | অনুষ্ঠানের ছবি তোলাসহ Media'র বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | সেক্টর ভিত্তিক আত্মনির্ভরশীল ১ম পুরস্কার প্রাপ্ত নারীদের অভিজ্ঞতার অনুভূতি ব্যক্ত করার Trial সংক্রান্ত কাজে জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, আরইআরএমপি-II এর নেতৃত্বে পরিচালিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং তাঁকে সহযোগিতা করার জন্য জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী; জনাব আহসানুজ্জামান, সিনিয়র সহকারী প্রকৌশলী, HILIP; জনাব উজ্জ্বল ত্রিপুরা, সিনিয়র সহকারী প্রকৌশলী, PSSWRSP; জনাব নাজরীন জামান, সহকারী প্রকৌশলী, CCRIP এবং জনাব সুরাইয়া জেবিন, জেন্ডার বিশেষজ্ঞ, UGIIP-III কে বলা হয়। | সেক্টর ভিত্তিক আত্মনির্ভরশীল ১ম পুরস্কার প্রাপ্ত নারীদের অভিজ্ঞতার অনুভূতি ব্যক্ত করার Trial সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | প্রধান অতিথি, বিশেষ অতিথিকে ফুল দিয়ে receive কাজে জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ)'কে দায়িত্ব পালন করার জন্য বলা হয়। উক্ত কাজে সহযোগিতা করার জন্য জনাব শামীম আরা পারভীন, সহকারী প্রকৌশলী, রাবার | প্রধান অতিথি, বিশেষ অতিথিকে অভ্যর্থনা বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| | | ড্যাম্প প্রকল্প; জনাব রাহেনা বানু, সহকারী প্রকৌশলী, SRIIP এবং জনাব ফিরোজা করিম নেলী, সহকারী প্রকৌশলী,CGP কে বলা হয়। | |

উল্লেখ্য যে, সদর দপ্তর পর্যায়ে আন্তর্জাতিক নারী দিবস'২০১৭ উদ্‌যাপন অনুষ্ঠানের সামগ্রিক ব্যয় বহন করার ব্যাপারে প্রকল্প পরিচালক,ইউজিআইআইপি-III সম্মত হয়েছেন। সভায় উপস্থিত সকলে তাঁর এ আন্তরিক সহযোগিতার জন্য তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/২/১৭

(মোঃ আবুল কালাম আজাদ)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন)
ও
আহবায়ক
আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন আয়োজক কমিটি'২০১৭।

বিতরণঃ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-ওএন্ডএম), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা অঞ্চল, এলজিইডি, ঢাকা-১২০৭।
০৭। প্রকল্প পরিচালক, এমডিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৮। প্রকল্প পরিচালক, এইচএফএমএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৯। প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি-III, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১০। প্রকল্প পরিচালক, সিআরডিপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১১। প্রকল্প পরিচালক, নবিদেপ, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১২। প্রকল্প পরিচালক, পিএসএসডব্লিউআরএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৩। সদস্য সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৪। জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, আরইআরএমপি-II, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৫। জনাব হক সুলতানা, উপ-প্রকল্প পরিচালক, ঢাকা নির্বাহী প্রকৌশলী দপ্তর, ঢাকা-১২০৭।
১৬। জনাব মাহ্‌বুব ইমাম মোর্শেদ (শাহীন), সহকারী প্রধান প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৭। জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৮। জনাব মৌসুমী সালমিন, সিনিঃ সহকারী প্রকৌশলী, পিএমইউ (জাইকা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৯। জনাব আহসানুজ্জামান, সিনিয়র সহকারী প্রকৌশলী, এইচআইএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২০। জনাব উজ্জ্বল ত্রিপুরা, সিনিয়র সহকারী প্রকৌশলী, পিএসএসডব্লিউআরএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২১। জনাব রাহেনা বানু, সহকারী প্রকৌশলী, এসআরআইআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২২। জনাব নাজরীন জামান, সহকারী প্রকৌশলী, সিসিআরআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৩। জনাব শামীম আরা পারভীন, সহকারী প্রকৌশলী, রাবার ড্যাম্প প্রকল্প, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৪। জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৫। জনাব ফিরোজা করিম নেলী, সহকারী প্রকৌশলী, সিজিপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৬। জনাব আবু ফাত্তাহ, মিডিয়া পরামর্শক, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) ও আহবায়ক, আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০১৭, ঢাকা-১২০৭।

অনুলিপি সদয় অবগতির জন্য-
-প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।